বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০
☏: +৮৮-০২-৯৩৩৩৬৫১/৯৩৪২০৫৮ ⎙: +৮৮-০২-৯৩৪২২২৬

পত্র নং-বা. স্কা. (এক্সটেনশন স্কাউটিং) তারিখ : ১৩ ডিসেম্বর ২০২০

# পরিপত্র

বিষয় : **বাংলাদেশ স্কাউটস এর এক্সটেনশন-স্কাউটিং বিভাগ কর্তৃক আয়োজিত অনলাইন প্রতিযোগিতায় অংশগ্রহণ সম্পর্কীয়।**

"মুজিব মানে বাংলাদেশ"

অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ স্কাউটস, এক্সটেনশন স্কাউটিং বিভাগের ব্যবস্থাপনায় **'শতবর্ষে মুজিব'** শিরোনামে **'ট্যালেন্ট হান্ট'** প্রতিযোগিতা অনুষ্ঠিত হতে যাচ্ছে। মুজিব জন্ম শতবর্ষ উদযাপন উপলক্ষে আয়োজিত **'ট্যালেন্ট হান্ট'** প্রতিযোগিতায় মুক্ত স্কাউট ও বিশেষ চাহিদা সম্পন্ন স্কাউট সদস্যদের পাশাপাশি প্রাতিষ্ঠানিক দলের কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটবৃন্দ অংশগ্রহণ করতে পারবে। স্কাউটদের প্রতিভা বিকাশের এ আয়োজনকে আরো আনন্দঘন ও মনোমুগ্ধকর করতে ভারত স্কাউটস এন্ড গাইডস এর বাংলা ভাষাভাষী সদস্যগণও অংশগ্রহণ করবে। শাখা ভিত্তিক অনলাইন প্রতিযোগিতার বিষয়সমূহ ও প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলী নিম্নরূপ:

## কাব স্কাউট শাখা

**ক. গান :**

**'বঙ্গবন্ধু বিষয়ক'** যে কোন গান প্রতিযোগী নিজ কণ্ঠে পরিবেশন করবে। অভিভাবক অথবা ইউনিট লিডারের সহায়তায় পরিবেশিত গানের ভিডিও ধারণ করবে। ধারণকৃত ভিডিওটি নির্ধারিত সময়ের মধ্যে ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে।

**খ. ৭ মার্চের ভাষণ :**

ঐতিহাসিক **'৭ মার্চের ভাষণ'** প্রতিযোগী নিজ কণ্ঠে প্রদান করবে। অভিভাবক অথবা ইউনিট লিডারের সহায়তায় প্রদানকৃত ভাষণটি ভিডিও ধারণ করবে। ভাষণের ভিডিওটি ৩ মিনিটের মধ্যে হতে হবে। ভিডিওর শুরুতে নিজের পরিচয় দিয়ে শুরু করতে হবে। ধারণকৃত ভিডিওটি নির্ধারিত সময়ের মধ্যে ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে।

**গ. ছড়া লেখা :**

বঙ্গবন্ধু বিষয়ক যে কোন মৌলিক ছড়া লিখতে হবে। অভিভাবক ও ইউনিট লিডারের সহায়তায় লিখিত ছড়াটি নির্ধারিত সময়ের মধ্যে উল্লেখিত ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে। প্রত্যেকটি ছড়ার শেষে অংশগ্রহণকারী কাব স্কাউট নিজের নাম, শাখা, ইউনিট, উপজেলা ও জেলার নামসহ, ই-মেইল ও মোবাইল নম্বর লিখতে হবে।

**ঘ. চিত্রাংকন :**

বঙ্গবন্ধু বিষয়ক যে কোন চিত্র অঙ্কন করতে হবে। প্রত্যেকটি চিত্রাংকনের শেষে অংশগ্রহণকারী কাব স্কাউট প্রার্থীর নিজের নাম, শাখা, ইউনিট, উপজেলা ও জেলার নামসহ, ই-মেইল। চিত্রাংকনের পর ছবি তুলে নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে।

## স্কাউট শাখা

**ক. গান :**

**'বঙ্গবন্ধু বিষয়ক'** যে কোন গান প্রতিযোগী নিজ কণ্ঠে পরিবেশন করবে। অভিভাবক অথবা ইউনিট লিডারের সহায়তায় পরিবেশিত গানের ভিডিও ধারণ করবে। ধারণকৃত ভিডিওটি নির্ধারিত সময়ের মধ্যে ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে।

**খ. আবৃত্তি :**

একজন স্কাউট নিজ কণ্ঠে **বঙ্গবন্ধু বিষয়ক** যে কোন কবিতা আবৃত্তির ভিডিও ধারণ করবে। আবৃত্তির ভিডিও ৩ মিনিটের মধ্যে হতে হবে। ভিডিওর শুরুতে নিজের পরিচয় দিয়ে শুরু করতে হবে। আবৃত্তির ভিডিওটি নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে।

**গ. কবিতা লেখা :**

বঙ্গবন্ধু বিষয়ক যে কোন মৌলিক কবিতা লিখতে হবে। লিখিত কবিতাটি নির্ধারিত সময়ের মধ্যে উল্লেখিত ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে। প্রত্যেকটি কবিতার শেষে অংশগ্রহণকারী স্কাউট প্রার্থীর নিজের নাম, শাখা, ইউনিট, উপজেলা ও জেলার নামসহ, ই-মেইল ও মোবাইল নম্বর লেখা থাকতে হবে।

**ঘ. স্লোগান সংকলন :**

স্কাউটদের দেশপ্রেম ও দেশ গঠনে উজ্জীবিত করতে **বঙ্গবন্ধুর চেতনামূলক** ভাষণ হতে ১৫টি শ্লোগান সংকলন করতে হবে এবং নিজ প্রতিভায় ৩টি মৌলিক স্লোগান লিখতে হবে। সংকলনের পর তা নির্ধারিত সময়ের মধ্যে উল্লেখিত ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে। সংকলনের শেষে অংশগ্রহণকারী স্কাউট প্রার্থীর নিজের নাম, শাখা, ইউনিট, উপজেলা ও জেলার নামসহ, ই-মেইল ও মোবাইল নম্বর লেখা থাকতে হবে।

## রোভার স্কাউট শাখা

**ক. গান :**

**'বঙ্গবন্ধু বিষয়ক'** যে কোন গান প্রতিযোগী নিজ কণ্ঠে পরিবেশন করবে। ইউনিট লিডারের সহায়তায় পরিবেশিত গানের ভিডিও ধারণ করবে। ধারণকৃত ভিডিওটি নির্ধারিত সময়ের মধ্যে ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে।

**খ. আবৃত্তি :**

একজন রোভার স্কাউট নিজ কণ্ঠে **বঙ্গবন্ধু বিষয়ক** যে কোন কবিতা আবৃত্তির ভিডিও ধারণ করবে। আবৃত্তির ভিডিও ৩মিনিটের মধ্যে হতে হবে। ভিডিওর শুরুতে নিজের পরিচয় দিয়ে শুরু করতে হবে। আবৃত্তির ভিডিওটি নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে।

**গ. টি-শার্ট ডিজাইন :**

বঙ্গবন্ধুর চেতনায় উজ্জীবিত হয়ে টি-শার্ট ডিজাইন করতে হবে। টি-শার্ট ডিজাইনটি অবশ্যই বঙ্গবন্ধু বিষয়ক হতে হবে। ডিজাইনের পর তা নির্ধারিত সময়ের মধ্যে উল্লেখিত ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে। ডিজাইন শেষে অংশগ্রহণকারী রোভার স্কাউটের নিজের নাম, শাখা, ইউনিট ও জেলার নামসহ, ই-মেইল ও মোবাইল নম্বর লেখা থাকতে হবে।

**ঘ. ক্রিয়েটিভ- লোগো/ব্যাজ :**

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শে উজ্জীবিত হয়ে প্রতিযোগী রোভার স্কাউটকে ডিজিটাল লোগো/ব্যাজ তৈরী করতে হবে। তৈরীকৃত ডিজিটাল লোগো/ব্যাজ নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে। ডিজাইন শেষে অংশগ্রহণকারী রোভারের নিজের নাম, শাখা, ইউনিট ও জেলার নামসহ, ই-মেইল ও মোবাইল নম্বর লেখা থাকতে হবে।

## বিশেষ চাহিদা সম্পন্ন স্কাউট

**ক. গান :**

অভিভাবক অথবা ইউনিট লিডারের সহযোগিতা নিয়ে একজন স্কাউট নিজ কণ্ঠে **বঙ্গবন্ধু বিষয়ক** যে কোন গানের ভিডিও ধারণ করবে। ভিডিও-এর শুরুতে নিজের পরিচয় দিয়ে শুরু করতে হবে। গানের ভিডিওটি নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে।

**খ. আবৃত্তি :**

অভিভাবক অথবা ইউনিট লিডারের সহযোগিতা নিয়ে একজন স্কাউট নিজ কণ্ঠে **বঙ্গবন্ধু বিষয়ক** যে কোন কবিতা আবৃত্তির ভিডিও ধারণ করবে। আবৃত্তির ভিডিও ৩ মিনিটের মধ্যে হতে হবে। ভিডিওর শুরুতে নিজের পরিচয় দিয়ে শুরু করতে হবে। আবৃত্তির ভিডিওটি নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে।

**গ. নৃত্য :**

অভিভাবক অথবা ইউনিট লিডারের সহযোগিতা নিয়ে একজন স্কাউট **বঙ্গবন্ধু বিষয়ক** যে কোন গানের তালে নৃত্য পরিবেশন করবে। পরিবেশিত নৃত্যটি অভিভাবক অথবা ইউনিট লিডারের সহযোগিতায় ভিডিও ধারণ করবে। ধারকৃত ভিডিও ৩-৫ মিনিটের মধ্যে হতে হবে। ভিডিওর শুরুতে নিজের পরিচয় দিয়ে শুরু করতে হবে। নৃত্যের ভিডিওটি নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে।

**ঘ. চিত্রাংকন :**

বঙ্গবন্ধু বিষয়ক যে কোন চিত্র অঙ্কন করতে হবে। চিত্রাংকনের পর ছবি তুলে অভিভাবক অথবা ইউনিট লিডারের সহযোগিতা নিয়ে নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে। প্রত্যেকটি চিত্রাংকনের শেষে অংশগ্রহণকারী কাব স্কাউট প্রার্থীর নিজের নাম, শাখা, ইউনিট, উপজেলা ও জেলার নামসহ, ই-মেইল ও মোবাইল নম্বর লেখা থাকতে হবে।

## এডাল্ট লিডার

**ক. প্রবন্ধ :**

প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক লিডারগণ **'স্কাউটিং ও বঙ্গবন্ধু'** বিষয়ক ১০০০ শব্দের একটি প্রবন্ধ লিখবেন। লিখিত প্রবন্ধটি নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে। প্রত্যেকটি প্রবন্ধের শেষে অংশগ্রহণকারীর নিজের নাম, স্কাউট পদমর্যাদা, ইউনিট, উপজেলা ও জেলার নামসহ, ই-মেইল ও মোবাইল নম্বর লেখা থাকতে হবে।

**খ. কবিতা লেখা :**

বঙ্গবন্ধু বিষয়ক যে কোন মৌলিক কবিতা লিখবেন। লিখিত কবিতাটি নির্ধারিত সময়ের মধ্যে উল্লেখিত ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে। প্রত্যেকটি কবিতার শেষে অংশগ্রহণকারীর নিজের নাম, স্কাউট পদমর্যাদা, ইউনিট, উপজেলা ও জেলার নামসহ, ই-মেইল ও মোবাইল নম্বর লেখা থাকতে হবে।

**গ. গান :**

**'বঙ্গবন্ধু বিষয়ক'** যে কোন গান প্রতিযোগী নিজ কণ্ঠে পরিবেশন করবেন। পরিবেশিত গানের ভিডিও ধারণ করতে হবে। ধারণকৃত ভিডিওটি নির্ধারিত সময়ের মধ্যে ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে।

## স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র

**ক. দলীয় স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র :**

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সংগ্রামী জীবনের চেতনায় উজ্জীবিত হয়ে প্রতিযোগিতায় আগ্রহী ইউনিটকে একটি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ করতে হবে। দলীয়ভাবে

নির্মাণকৃত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রটি অনধিক ৫ মিনিটের হতে হবে। পরবর্তীতে নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত ই-মেইলে প্রেরণসহ লিংকে আপলোড করতে হবে।

অংশগ্রহণকারীদের আগামী ১৫-২০ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে (https://forms.gle/3XcSBWRMd596UMP69) এই লিংকে রেজিস্টেশন সম্পন্ন করতে হবে। প্রতিযোগীতার তথ্য আপলোডের তারিখ, ই-মেইল অ্যাড্রেস এবং লিংক এসএমএস/ই-মেইলের মাধ্যমে রেজিস্ট্রেশনসম্পন্নকারী সকলকে জানিয়ে দেয়া হবে। রেজিস্ট্রেশনের ক্ষেত্রে অবশ্যই প্রার্থীর নিজের পরিচয় সম্বলিত তথ্য (বিএস আইডি নম্বর, নিজের নাম, শাখা, ইউনিট, উপজেলা, জেলার, দেশের নামসহ, ই-মেইল ও মোবাইল নম্বর) উল্লেখ থাকতে হবে। প্রাথমিক রাউন্ডে প্রতিটি প্রতিযোগিতার জন্য ১০জনকে টপ-১০ হিসেবে নির্বাচন করা হবে। দ্বিতীয় রাউন্ডে টপ-১০ এর মধ্য থেকে প্রতিটি প্রতিযোগিতায় ০৩ জনকে বিচারকের বিচারমান অনুযায়ী পুরস্কৃত করা হবে।

প্রতিযোগিতায় সর্বাধিক সংখ্যক কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউট এবং লিডারগণের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

১৬/১২/২০২০
(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস

**বিতরণঃ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। আঞ্চলিক উপ কমিশনার (এক্সটেনশন স্কাউটিং), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
২। আঞ্চলিক সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
৩। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;
৪। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা/জেলা রোভার;
৫। জেলা রোভার লিডার/জেলা কাব লিডার/স্কাউট লিডার, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা
৬। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা;
৭। উপজেলা কাব লিডার/স্কাউট লিডার, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা;

**সদয় জ্ঞাতার্থেঃ**

১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
২। জাতীয় কমিশনার (এক্সটেনশন স্কাউটিং), বাংলাদেশ স্কাউটস;
৩। জাতীয় উপ কমিশনার (এক্সটেনশন স্কাউটিং), সকল, বাংলাদেশ স্কাউটস ;
৪। আঞ্চলিক কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস।